দৈনিক ইত্তেফাক

তারিখ ৩১ JAN 2018
পৃষ্ঠা ২০ কলাম ১

কোচিং বাণিজ্য

# রাজধানীর ২৫ সরকারি শিক্ষককে মফস্বলে বদলি

■ ইত্তেফাক রিপোর্ট

কোচিং বাণিজ্যে সম্পৃক্ত থাকার অভিযোগে দুর্নীতি দমন কমিশনের (দুদক) সুপারিশে রাজধানীর সরকারি চার মাধ্যমিক স্কুলের ২৫ জন শিক্ষককে শাস্তিমূলক বদলি করেছে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর। কোচিং বাণিজ্যের সঙ্গে সরাসরি সম্পৃক্ত রাজধানীর আট নামি-দামি শিক্ষা প্রতিষ্ঠানের ৯৭ জন শিক্ষকের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নিতে গত ৩ ডিসেম্বর মন্ত্রিপরিষদে দুদক চূড়ান্ত সুপারিশ পাঠিয়েছিল। মন্ত্রণালয়ে দুদকের সুপারিশ পাঠানোর পর অধিদপ্তর থেকে গত সোমবার ওই বদলি আদেশ দেয়া হয়। বদলি আদেশে তাদেরকে আগামী ১ ফেব্রুয়ারির মধ্যে বিমুক্ত হওয়ার জন্য বলা হয়েছে। অন্যথায় ঐ তারিখের অপরাহ্নে তাৎক্ষণিক বিমুক্ত বলে গণ্য হবেন।

বদলির ওই আদেশে মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়ের ১২ জন, মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের ৪ জন, গভর্নমেন্ট ল্যাবরেটরি হাই স্কুলের ৮ জন ও খিলগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়ের একজন শিক্ষককে ঢাকার বাইরে বিভিন্ন স্কুলে বদলি করা হয়েছে। আদেশে তাদেরকে বগুড়া, শরীয়তপুর, গোপালগঞ্জ, নেত্রকোনা, ফরিদপুর, গাইবান্ধা, সাতক্ষীরা, চাঁপাইনবাবগঞ্জ, মেহেরপুর, মুন্সীগঞ্জ, নোয়াখালী, লক্ষ্মীপুর, চাঁদপুর, জামালপুর, ব্রাহ্মণবাড়িয়া, হবিগঞ্জ, পিরোজপুর, বরগুনা ও জয়পুরহাটে সরকারি স্কুলের শূন্য পদে বদলি করা হয়েছে।

বদলিকৃত সরকারি চার স্কুলের শিক্ষকরা হলেন- মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয় : প্রভাতী শাখার সহকারী শিক্ষক আবুল হোসেন মিয়া (ভৌতবিজ্ঞান), মো. মোখতার আলম (ইংরেজি), মো. মাইনুল হাসান ভূঁইয়া (গণিত), মুহাম্মদ বেলায়েত হোসেন (গণিত), মুহাম্মদ আফজালুর রহমান (ইংরেজি), মো. ইমরান আলী (ইংরেজি); দিবা শাখার সহকারী শিক্ষক মোহাম্মদ কবীর চৌধুরী, এ বি এম ছাইফুদ্দীন ইয়াহ, মো. মিজানুর রহমান, মো. আবুল কালাম আজাদ, মো. জহিরুল ইসলাম ও সহকারী

পৃষ্ঠা ২ কলাম ১

## রাজধানীর ২৫ সরকারি

২০ পৃষ্ঠার পর

শিক্ষক মো. জামাল উদ্দিন বেপারী।

মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় : প্রভাতী শাখার সহকারী শিক্ষিকা নূরুন্নাহার সিদ্দিকা (সামাজিক বিজ্ঞান), দিবা শাখার সহকারী শিক্ষক শাহ মো. সাইফুর রহমান (গণিত), মো. শাহ আলম (ইংরেজি), মোসা. নাছিমা আক্তার (ভূগোল)।

গভর্নমেন্ট ল্যাবরেটরি হাইস্কুল: মো. শাহজাহান সিরাজ (গণিত), মোহাম্মদ ইসলাম (গণিত), জাকির হোসেন ইংরেজি, মো. শাহজাহান (গণিত), মো. আবদুল ওয়াদুদ খান (সামাজিক বিজ্ঞান), মো. আলতাফ হোসেন খান (ইংরেজি), মো. আযাদ রহমান (ইংরেজি) ও রণজিৎ কুমার শীল (গণিত) এবং খিলগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক মো. নাছির উদ্দিন চৌধুরী।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম ম্যানেজার | |
| সিনিয়র সিস্টেম এনালিস্ট | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর